

## নেতাজীর মহানিক্ৰমণের ৭৫তম বর্ষপূর্তি উদযাপনের প্রেক্ষাপট

ভারতের স্বাধীনতা সংগ্রামের ইতিহাসে নেতাজী সুভাষচন্দ্র বসুর গোপনে স্বদেশত্যাগ ‘মহানিক্ৰমণ’ বা ‘Great Escape’ নামে আমাদের কাছে সুপরিচিত। বস্তুতপক্ষে তদানীন্তন ভারতবর্ষে নেতাজীর জনপ্রিয়তা, সাংগঠনিক ক্ষমতা, সুগভীর দেশাত্মবোধ ও বিপুল কর্মোদ্যম শাসক ইংরেজ সরকারকে অত্যন্ত নিরাপত্তাহীন ও দুশ্চিন্তাগ্রস্ত করে তুলেছিল। তাই নেতাজীকে অবদমিত রাখবার উদ্দেশ্যে তাঁকে বারে বারে কারারুদ্ধ করা হয়। বারংবার কারাবাসের ফলে শারীরিক অবস্থার চূড়ান্ত অবনতি ঘটলে চিকিৎসকের পরামর্শে তাঁকে কারাবাস থেকে মুক্ত করলেও গৃহে অন্তরীণ রাখা হয়। নেতাজী বুঝতে পেরেছিলেন তাঁকে এদেশে কার্যত পঙ্গু করে রাখা হয়েছে। তাই অন্তরীণ বা গৃহবন্দী অবস্থায় থেকে ১৯৪১ সালের ১৬ জানুয়ারী রাতে সুভাষচন্দ্র তাঁর ভ্রাতুষ্পুত্র শিশির কুমার বসুর সাহায্যে এলগিন রোডের বাড়ি থেকে এক মৌলবীর ছদ্মবেশে নিষ্ক্রান্ত হয়ে গোমো রেলস্টেশনে পৌঁছন। সেখান থেকে ট্রেনযাত্রায় লাহোর হয়ে পৌঁছন আফগানিস্তান। পেশোয়ারে বিমা কোম্পানীর এজেন্ট ‘জিয়াউদ্দিন’ ছদ্মনামে কিছুদিন থেকে তিনি কাবুল হয়ে মস্কোর উদ্দেশ্যে পাড়ি দেন। মস্কো থেকে ‘অরল্যান্ডো ম্যাজোত্তা’ ছদ্মনামে তিনি ইটালির রোম শহরে এসে পৌঁছন। রোম থেকে সুভাষচন্দ্র জার্মানীতে এবং ঐ বছরেরই এপ্রিল মাসে হিটলারের প্রচার সচিব গোয়েবলস্ ইংরেজ শাসকদের স্তম্ভিত করে জার্মান রেডিওয় সুভাষচন্দ্রের জার্মানীতে এসে উপস্থিত হওয়ার কথা সর্বপ্রথম ঘোষণা করেন। অতঃপর হিটলারের প্রত্যক্ষ সহায়তায় সুভাষচন্দ্র সাবমেরিনযোগে জার্মানী থেকে জাপানে এসে উপস্থিত হন। ক্রমে তিনি জাপান থেকে আসেন সিঙ্গাপুর ও মালয়। জাপান সরকারের অপরিমেয় সাহচর্যে সুভাষচন্দ্র ‘আজাদ হিন্দ ফৌজ’ পুনর্গঠন করেন ও বিপুল বিক্রমে ভারতের স্বাধীনতা সংগ্রামে পূর্ণশক্তি নিয়োগ করেন। ইতিহাসের অতল গভীরে অবগাহন না করেও একথা নিঃসন্দেহে বলা যায় যে, স্বাধীন ভারতের নাগরিক হিসাবে স্বাধীনতা সংগ্রামে নেতাজীর মহানিক্ৰমণের ঘটনা আমরা চিরকাল সশ্রদ্ধচিত্তে স্মরণ করব ও প্রণাম জানাব জাতীয় বীর শ্রী সুভাষচন্দ্র বসুকে।

---

## নেতাজীর মহানিষ্ঠামণের ৭৫ তম বর্ষপূর্তি উপলক্ষ্যে জেলাস্তরে আয়োজিত প্রতিযোগিতাসমূহের সাধারণ নিয়মাবলী

১. পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষা দফতরের বিশেষ উদ্যোগে নেতাজী সুভাষচন্দ্র বসুর মহানিষ্ঠামণের (১৬ জানুয়ারী, ১৯৪১) ৭৫ তম বর্ষপূর্তি উপলক্ষ্যে জেলাস্তরে আয়োজিত প্রতিযোগিতাগুলি হল —
  - (ক) রচনা প্রতিযোগিতা
  - (খ) বিতর্ক প্রতিযোগিতা
  - (গ) তাৎক্ষনিক বক্তৃতা প্রতিযোগিতা
  - (ঘ) কুইজ প্রতিযোগিতা
  - (ঙ) পোস্টার অঙ্কন প্রতিযোগিতা
২. জেলাস্তরে এই প্রতিযোগিতাসমূহের ক্ষেত্রে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থানাধিকারীকে পুরস্কৃত করা হবে এবং প্রথম ও দ্বিতীয় স্থানাধিকারী রাজ্যস্তরের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবে।
৩. বিতর্ক প্রতিযোগিতার ক্ষেত্রে বিতর্কের বিষয়ের পক্ষে ও বিপক্ষে অংশগ্রহণকারী শ্রেষ্ঠ প্রতিযোগী একজন করে মোট দুজনকে রাজ্যস্তরে প্রেরণ করা হবে।
৪. প্রত্যেক প্রতিযোগিতার ক্ষেত্রে লেখার জন্য নীল কালির বল পয়েন্ট পেন ব্যবহার করতে হবে।
৫. একজন প্রতিযোগী সর্বাধিক দুটি প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।
৬. একটি মহাবিদ্যালয় থেকে সর্বাধিক মোট দশজন ছাত্র/ছাত্রী প্রতিযোগিতাসমূহে অংশগ্রহণ করতে পারবে।
৭. কোন প্রতিযোগিতাতেই অংশগ্রহণের জন্য কোন ফি বা চার্জ নেই।
৮. সকল প্রতিযোগিতার ক্ষেত্রে বিচারকদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

## প্রতিযোগিতাভিত্তিক সুনির্দিষ্ট নিয়মাবলী

### (ক) রচনা প্রতিযোগিতা —

- (১) “ভারতের স্বাধীনতা সংগ্রামে নেতাজী সুভাষচন্দ্র বসুর অবদান” - এই বিষয়ের উপর সর্বোচ্চ ১৫০০ শব্দের মধ্যে রচনা লিখতে হবে।
- (২) প্রত্যেক ছাত্রছাত্রীকে নীল কালির বল পয়েন্ট পেন ব্যবহার করতে হবে।
- (৩) প্রত্যেক পাতার একদিকের পৃষ্ঠায় লিখতে হবে ও বিপরীত পৃষ্ঠায় ফাঁকা রাখতে হবে। লেখার পাতা সরবরাহ করা হবে।
- (৪) রচনার প্রথম পাতায় প্রত্যেক প্রতিযোগীকে নাম, মহাবিদ্যালয়ের নাম, জেলার নাম, বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত রেজিস্ট্রেশন নম্বর ও কলেজ রোল নম্বর সুস্পষ্টভাবে অক্ষরে উল্লেখ করতে হবে।
- (৫) লেখার সুবিধার জন্য, প্রয়োজন হলে, একটি নিজস্ব ও পরিচ্ছন্ন রাইটিং ক্লিপ বোর্ড ব্যবহার করা যেতে পারে।
- (৬) রচনা প্রতিযোগিতার জন্য বরাদ্দকৃত সময় হল ৪০ মিনিট।



প্রতিযোগিতার সময়সূচী  
তারিখ : ১৭.১১.২০১৬  
স্থান : গুসকরা মহাবিদ্যালয়

প্রতিযোগিতার নাম	সময়	কক্ষ
(ক) রচনা প্রতিযোগিতা	সকাল ১১.০০ - ১১.৪০	১৯ নম্বর
(খ) বিতর্ক প্রতিযোগিতা	দুপুর ১১.৪০	২৬ নম্বর
(গ) পোস্টার অঙ্কন প্রতিযোগিতা	দুপুর ১.০০ - ১.৪০	তারাক্ষর ব্লক (দ্বিতীয় তল)
(ঘ) তাৎক্ষণিক বক্তৃতা প্রতিযোগিতা	দুপুর ২.০০	১ নম্বর
(ঙ) কুইজ প্রতিযোগিতা	বিকাল ৩.০০	সত্যেন্দ্রনাথ বোস হল (তৃতীয় তল)

মধ্যাহ্ন আহার - ১.৫০ - ২.০০